



# বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব

## মেশিন রিডেবল পাসপোর্ট (এম. আর. পি)/ ডিজিটাল পাসপোর্ট গ্রহণ এবং আবেদনকারীদের করণীয়

বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ১৩ জুলাই ২০১১ থেকে বাংলাদেশ দূতাবাস, রিয়াদ এবং বাংলাদেশ কন্সুলেট জেনারেল, জেদ্দায় মেশিন রিডেবল পাসপোর্ট (এম.আর.পি) কার্যক্রমের উদ্বোধন করেছেন। সে দিন থেকে এ দু'টি স্থান থেকে এম.আর.পি প্রদান শুরু হয়েছে।

সৌদি আরবে বসবাসরত সম্মানিত প্রবাসীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে আন্তর্জাতিক সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক আগামী ৩১ মার্চ ২০১৫ এর মধ্যে বাংলাদেশের পাসপোর্টকে এম.আর.পিতে রূপান্তর করতে হবে। এ ছাড়াও যে কোন দেশ ইচ্ছা করলে যে কোন সময়ে ম্যানুয়াল অর্থাৎ হাতের লেখা পাসপোর্ট ভিসা প্রদান এবং ভিসা নবায়ন বন্ধ করে দিতে পারে। সম্ভাব্য সমস্যা এড়াতে সম্মানিত প্রবাসীদের অবিলম্বে এম.আর.পি পাসপোর্টের জন্য আবেদন করতে অনুরোধ জানানো যাচ্ছে।

এম.আর.পি/ডিজিটাল পাসপোর্ট শুধুমাত্র বাংলাদেশ দূতাবাস, রিয়াদ এবং বাংলাদেশ কন্সুলেট জেনারেল, জেদ্দা থেকে দেয়া হয়। সৌদি আরবের বিভিন্ন স্থানে কন্সুলার সফরের সময়ে কোন এম.আর.পি পাসপোর্টের আবেদন গ্রহণ করা হয় না। এম.আর.পি আবেদনের পর অনলাইনে এ আবেদন পত্র ঢাকায় পাসপোর্ট ও বহির্গমন অধিদপ্তরে প্রেরণ করা হয় এবং সেখান থেকে আঙ্গুলের ছাপ পরীক্ষা এবং পুলিশ ভেরিফিকেশনসহ বিভিন্ন আনুষ্ঠানিকতা সম্পূর্ণ করে এম.আর.পি ছাপিয়ে দূতাবাসে প্রেরণ করা হয়। ফলে একটি আবেদন পত্র দাখিলের পর এম.আর.পি পেতে সর্বোচ্চ ৩০(ত্রিশ) দিনের মত সময়ের প্রয়োজন হয়। ফলে যিনি যত তাড়াতাড়ি এম.আর.পির জন্য আবেদন করবেন তিনি তত তাড়াতাড়ি পাসপোর্ট পাবেন।

### এম.আর.পি'র আবেদনকারীর করণীয়ঃ

- ০১। প্রত্যেক আবেদনকারী/আবেদনকারিনীকে বাংলাদেশ দূতাবাস, রিয়াদ এবং বাংলাদেশ কন্সুলেট জেনারেল, জেদ্দায় স্ব-শরীরে হাজির হয়ে আবেদন করতে হবে;
- ০২। আবেদনকারী/আবেদনকারিনীকে বাংলাদেশ পাসপোর্ট এবং বহির্গমন অধিদপ্তরের ওয়েব সাইট [www.dip.gov.bd](http://www.dip.gov.bd) এবং বাংলাদেশ দূতাবাসের ওয়েব সাইট [www.bangladeshembassy.org.sa](http://www.bangladeshembassy.org.sa) থেকে আবেদন পত্র ডাউনলোড করে অথবা দূতাবাসের রিসিপশন এবং কন্সুলার ভিজিটের সময় আবেদন পত্রের ফরম সংগ্রহ করে এবং যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে;
- ০৩। আবেদন পত্রের সাথে তিন কপি ছবি, ইকামার ফটোকপি এবং জন্ম নিবন্ধন সনদ পত্রের ফটোকপি দাখিল করতে হবে;
- ০৪। যে সকল আবেদনকারীর বাংলাদেশ থেকে জন্ম নিবন্ধন সনদপত্র সংগ্রহ করেছেন শুধুমাত্র তাঁরাই দূতাবাসের ৪ নং কাউন্টারে পেশা অনুযায়ী নির্ধারিত ফি প্রদান করে এনরোলমেন্ট কক্ষে (কক্ষ নং ১১ এবং ১২) ডাটা এন্ট্রি, আঙ্গুলের ছাপ এবং স্বাক্ষরসহ ছবি প্রদান করবেন। সেখান থেকে সংশ্লিষ্ট কর্মকর্তা পাসপোর্ট ডেলিভারী স্লিপ প্রদান করবেন;
- ০৫। যে সকল আবেদনকারীর বাংলাদেশের জন্ম নিবন্ধন সনদপত্র নেই, তারা দূতাবাসের ৩ নং কাউন্টারে জন্ম নিবন্ধন ফি বাবদ ২০ সৌদি রিয়াল এবং ৪ নং কাউন্টারে পেশা অনুযায়ী নির্ধারিত ফি প্রদান করে জন্ম নিবন্ধন সনদপত্রসহ উপরে বর্ণিত এনরোলমেন্ট কক্ষের (কক্ষ নং ১১ এবং ১২) আনুষ্ঠানিকতা সম্পন্ন করবেন;
- ০৬। এম.আর.পি-তে কোন সন্তানের এনডোর্সমেন্ট হয় না বিধায় প্রত্যেক সন্তানের জন্য আলাদা এম.আর.পি করতে হবে। এম.আর.পি'র আবেদনের সময় আবেদন পত্রের উপরের ডান পাশে পিতা-মাতার ছবিও সংযোজন করতে হবে;
- ০৭। এম.আর.পি'র আবেদনকালে এনরোলমেন্ট কক্ষে যে ছবি তোলা হয় তা পাসপোর্টে প্রদান করা হয় বিধায় প্রত্যেককে আবেদনকালে সুন্দর ও পরিষ্কার পরিচ্ছন্ন পোশাক পরিধান করে ছবি তোলার জন্য অনুরোধ জানানো যাচ্ছে;
- ০৮। এম.আর.পি/ডিজিটাল পাসপোর্ট সকাল ১০টা থেকে বিকাল ৩টার মধ্যে দূতাবাসের ১৬ নং কক্ষ থেকে ডেলিভারী দেয়া হয়। আবেদনকারীগণকে উল্লিখিত সময়ের মধ্যে এসে পাসপোর্ট সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

সম্মানিত প্রবাসী বাংলাদেশীগণকে অবিলম্বে এম.আর.পি/ডিজিটাল পাসপোর্টের আবেদন দাখিলক্রমে দ্রুত এম.আর.পি গ্রহণ করার জন্য সর্নিবন্ধ অনুরোধ জানানো যাচ্ছে।

প্রচারণায়  
বাংলাদেশ দূতাবাস  
রিয়াদ